

বিশ্ববিদ্যালয়

সময়ের দাবি

নরসিংদী দেশের একটি অন্যতম সমৃদ্ধ জেলা। এই জেলা বাংলাদেশের অর্থনীতিতে ব্যাপক অবদান রাখছে। তাঁত শিল্প, পোশাক শিল্প, ব্যবসা-বাণিজ্য ও কৃষিকাজে এ জেলার অবদান অন্য যে কোনো জেলার চেয়ে বেশি। তাই এ অঞ্চলের মানুষকে শিক্ষার আলোয় আলোকিত করার জন্য নরসিংদীতে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন এখন-সময়ের দাবি। এখানে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হলে নরসিংদীবাসী যেমন প্রযুক্তি শিক্ষা পাবে, নতুন-নতুন দিগন্ত উন্মোচন হবে, বিজ্ঞানী তৈরি হবে। বিশ্বদরবারে এই বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে সুনাম অর্জিত হবে এবং জ্ঞানের দ্বার উন্মোচিত হবে। নরসিংদীতে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হলে এলাকার মেধাবী, দরিদ্র শিক্ষার্থীরা লেখাপড়ার সুযোগ পাবে এবং তারা শিক্ষিত হয়ে জেলাকে আরও সমৃদ্ধ ও নিরক্ষরমুক্ত জেলায় রূপান্তরিত করবে। এতে নরসিংদীবাসী যেমন উপকৃত হবে, দেশবাসীও এর সুফল ভোগ করবে। নরসিংদীবাসীকে সুশিক্ষায় শিক্ষিত করার জন্য এখানে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় একান্ত প্রয়োজন। নরসিংদীবাসীর একান্ত দাবি, মাননীয় প্রধানমন্ত্রী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা প্রতিষ্ঠায় অর্চিয়েই নরসিংদী জেলা সফর করে এখানে একটি আন্তর্জাতিক যানের বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় উদ্যোগ গ্রহণ করবেন।

মোহাম্মদ শরীফুল হক শরীফ
পলাশ, নরসিংদী